দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUL 1992
পৃষ্ঠা ৩ কলাম ২

115

# ঠাকুরগাঁও-এ ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নাই॥ ক্লাস চলে গাছতলায়

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ ঠাকুরগাঁও সদর থানার ১৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কোন ঘর না থাকায় শত শত ছাত্র-ছাত্রী গাছতলায় বা খোলা আকাশের নীচে ক্লাস করিতেছে। অসংখ্য বিদ্যালয়ের কোনটির বেড়া নাই, কোনটির চালা নাই। বর্ষাকালে স্কুল থাকে বন্ধ। শতাধিক বিদ্যালয়ের কোন চেয়ার বেঞ্চ নাই। যে ১৪টি বিদ্যালয়ের কোন ঘর নাই সেইগুলি হইল, ছিটচিলারং, আরাজী কৃষ্ণপুর, আখোপুর, রাজাগাঁও সরকার পাড়া, বান্দিগড়, রহিমানপুর, মুন্সীপাড়া, বোচাপুকুর, পালপাড়া, বান্দিগড় গোয়ালপাড়া, রাজারামপুর ও কহরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়। কিছুকিছু বিদ্যালয়ের পাকাভবন থাকিলেও তা জরাজীর্ণ ও ব্যবহারের অযোগ্য। রাজাগাঁও

(৫ম পৃঃ দ্রঃ)

## ঠাকুরগাঁও-এ ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা কদম গাছের নীচে, রহিমানপুর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বাঁশঝাড়ের পাশে, কহরপাড়ায় সেওড়া গাছের নীচে এবং আরাজী কৃষ্ণপুরে ও কুমারপুর বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা খোলা আকাশের নীচে ক্লাস করিতেছে। বর্ষাকালে এই ধরনের প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতিও খুব কম। থানা শিক্ষা দফতর জানান, বিদ্যালয়ের এই দুর্দশার কথা উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হইয়াছে।